

# **AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 19.10.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের আরও একবার বৈঠকে বসার প্রস্তাব দিয়েছে রাজ্য সরকার।
- ২) চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষার রাত্রিগ্রে সাথী প্রকল্পের আওতায় পরিকাঠামো উন্নয়নের কাজ শেষ করার সময়সীমা বেধে দিয়েছে রাজ্য সরকার।
- ৩) রাজ্যের ৬ কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য চলতি মাসেই ৮৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করবে নির্বাচন কমিশন।
- ৪) গভীর নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দুর্ঘাগের পূর্বাভাস থাকায় রাজ্য সরকার সমুদ্র উপকূলবর্তী জেলাগুলিকে সতর্ক থাকতে বলেছে।
- ৫) আই এস এল ফুটবলে আজ যুব ভারতীতে মোহনবাগান সুপার জায়েন্ট ও ইস্টবেঙ্গল মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের আরো একবার বৈঠকে বসার প্রস্তাব দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সোমবার বিকেল পাঁচটায়

নবাম্বে তদের বৈঠকে ডেকেছেন। সোমবারের মধ্যে দাবি পূরণ না হলে চিকিৎসকদের ধর্মঘটের ছঁশিয়ারির পরই আজ দুপুরে, ধর্মতলায়, চিকিৎসকদের অনশন মঞ্চে যান মুখ্য সচিব মনোজ পন্থ ও স্বরাষ্ট্র সচিব নদিনী চক্রবর্তী। মুখ্য সচিবের ফোনে, চিকিৎসকদের সঙ্গে দীর্ঘ সময় কথা বলেন মুখ্যমন্ত্রী। পরে মুখ্য সচিব বলেন,

(বাইট - মনোজ পন্থ)

এদিকে, রাজ্য সরকার অনেকগুলি দাবি ইতমধ্যেই মেনে নিলেও স্বাস্থ সচিবের অপসারণ সম্ভব নয় বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

নিরাপত্তার প্রশ্নে মুখ্যমন্ত্রী বলেন, আদালতে মামলার কারণে পুলিশ কর্মী নিয়োগ করা এখনই সম্ভব হচ্ছে না। অনশনরত ডাক্তারদের, আন্দোলন প্রত্যাহার করে কাজে ফেরার আবেদন জানিয়েছেন তিনি।

(বাইট - মুখ্যমন্ত্রী)

এদিকে, ১০ দফা দাবির প্রত্যেকটি মেনে নেওয়া হলে তবেই তারা কাজে ফিরবেন বলে জানিয়েছেন জুনিয়ার ডাক্তাররা। এক সাংবাদিক বৈঠকে অনশনরত ডাক্তার রংমেলিকা কুমার বলেন, তাঁরাও কাজে ফিরতে চান। কিন্তু দাবি - দাওয়া মেনে নিয়ে নিদেশিকা জারি করতে হবে। আজকের আলোচনায় তারা খুশি নন বলেও স্পষ্ট করেছেন তিনি।

(বাইট - রংমেলিকা)

এদিকে, সুবিচারের দাবিতে চিকিৎসকরা আজ ন্যায় বিচার যাত্রার ডাক দেন। পানিহাটির এইচ বি টাউন মোড় থেকে ধর্মতলায় অনশন মঞ্চ পর্যন্ত ন্যায়বিচার যাত্রা চলছে। রিলে পদ্ধতিতে প্রায় ২০ কিলোমিটার পথ অতিক্রম করে অনশন মঞ্চে পৌঁছেছেন তারা। চিকিৎসক ছাড়াও প্রচুর সাধারণ মানুষ এতে যোগ দিয়েছেন। নির্যাতিতা চিকিৎসকের বাবা - মা-ও আন্দোলনকারীদের সঙ্গে পা মেলান। সাংবাদিকদের তারা বলেন, এই অচলাবস্থার নিরসনে অবিলম্বে পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

আগামীকালও একাধিক কর্মসূচী রয়েছে চিকিৎসকদের।

জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে নাগরিক সমাজও একাধিক কর্মসূচী নিয়েছে। আজ জুনিয়ার ডাক্তারদের অনশন মধ্যে যান বিদিষ্ঠা চক্রবর্তী, বীরসা দাশগুপ্ত, চৈতি ঘোষাল প্রমুখ, সিনেমা ও টেলিভিশন জগতের মানুষেরা।

নাট্যকর্মীদের একাংশ আজ অ্যাকাডেমী অফ ফাইন আর্টসের সামনে অবস্থান বিক্ষেপে অংশ নিয়েছেন।

গার্ডেন রিচের বাঁধা বটতলায় নাগরিক সংগঠনের পক্ষ থেকে ১২ ঘণ্টার প্রতীকি অনশন কর্মসূচী পালন করা হচ্ছে। পশ্চিম মেদিনীপুরের ঘাটালে ক্ষুদ্রিম মূর্তির পাদদেশে আজ প্রতিকী অনশন ও অবস্থানে সামিল হন বহু বিশিষ্টজন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, অনশন চলাকালীন অসুস্থ হয়ে হাসাপতালে ভর্তি জুনিয়ার চিকিৎসক পুলস্ত্য আচার্য এবং অনুষ্ঠুপ মুখোপাধ্যায় আজ ছাড়া পেলেন। দুপুরে এন আর এস হাসপাতাল থেকে ছুটির পরই তিনি জানান, আবার তিনি আন্দোলন মধ্যে যাবেন। প্রয়োজন হলে ফের অনশনেও বসবেন। গত বৃহস্পতিবারই হাসপাতাল থেকে ছাড়া পান অনিকেত মাহাতো।

উল্লেখ্য, ১০ দফা দাবিতে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন আজ ১৫ দিনে পড়ল। কলকাতা উত্তরবঙ্গ মিলিয়ে মোট ৮ জন চিকিৎসক এখনও অনশন করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় রাত্রিরের সাথী প্রকল্পের আওতায় পরিকাঠামো উন্নয়নের কাজ শেষ করার জন্য সময়সীমা বেধে দিয়েছে রাজ্য সরকার। আর জি কর বাদে রাজ্যের ২৮ টি মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে ২৫ শে অক্টোবরের মধ্যে

বকেয়া কাজ সম্পূর্ণ করতে হবে। আর জি করে আগামী ৩১ শে অক্টোবর পর্যন্ত কাজ শেষ করার সময়সীমা বেধে দেওয়া হয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থের সঙ্গে স্বাস্থ্য, পূর্ত সহ বিভিন্ন দণ্ডের বৈঠকের পরই এই সময়সীমা নির্দিষ্ট করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি কৃষ্ণনগরে কিশোরীকে নির্যাতন ও হত্যার ঘটনায় কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে। আজ সেখানে একটি প্রতিবাদ মিছিলে অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, আসল ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে। পরিবারকে সবরকম আইনী সহায়তা দেওয়া হবে।

( বাইট - শুভেন্দু)

বিরোধী দলনেতা আজ উত্তর কালিনগরে মৃত তরুণীর বাড়িতে যান। কথা বলেন, তার বাবা-মা এবং পরিবারের অন্য সদস্যদের সঙ্গে।

পরে মালদার ভুতনিতে ভাঙ্গন পীড়িতদের জন্য সেবাদান কর্মসূচীতেও যোগ দেন শুভেন্দুবাবু। ভাঙ্গন রোধে রাজ্য সরকার কোন কাজ করছে না বলে তিনি অভিযোগ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে তরুণীর দেহ উদ্ধারের ঘটনার তদন্তে ফরেনিক বিশেষজ্ঞদের একটি দল আজ ঘটনাস্থলে যান। কৃষ্ণনগর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপারকে সঙ্গে নিয়ে তারা এলাকা ঘুরে দেখেন। সেভ ডেমোক্রেসি সংগঠনের পক্ষ থেকে একটি প্রতিনিধি দল আজ মৃতার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন। পরিবারটিকে আইনী সহায়তা দেবারও প্রতিশ্রুতি দিয়েছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নারী নির্যাতন, ধর্ষণ - খুন এবং আইন শৃঙ্খলার অবনতির অভিযোগে, কংগ্রেস নেতা কর্মীরা আজ জেলায় জেলায় থানা ঘেরাও কর্মসূচিতে যোগ দিয়েছেন। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির তরফে আজ ভবানীপুর, টালিগঞ্জ, কালীঘাট ও ময়দান থানার সামনে বিক্ষোভ দেখানো হয়। জমা দেওয়াহয় স্মারক লিপি।

নদীয়ার কৃষ্ণনগরে কোতোয়ালি থানার সামনে আজ পিকেটিং করে কংগ্রেস কর্মী-সমর্থকরা।

পুরুলিয়া শহর কংগ্রেস কমিটির পক্ষ থেকে আজ সদর থানার মেন গেটের সামনে অবস্থান বিক্ষোভ করেন দলের নেতা কর্মীরা।

দুই বর্ধমানেও চলে থানা ঘেরাও কর্মসূচী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রে উপ নির্বাচনের জন্য চলতি মাসেই ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। প্রথম দফায় ৮৯ কোম্পানী বাহিনী পাঠানো হচ্ছে। বাহিনীতে থাকছে ২৪ কোম্পানি CRPF, ৩০ কোম্পানি BSF, ১২ কোম্পানি CISF। IIBP থাকবে ১০ কোম্পানি, SSB থাকবে ১৩ কোম্পানি। এর আগেও রাজ্যের একাধিক উপনির্বাচনেও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থেকেছে। চলতি মাসের ২৫ তারিখের মধ্যেই বাংলার ৬টি কেন্দ্রে পৌঁছে যাবে কেন্দ্রীয় বাহিনী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মধ্য আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্তটি আগামী সোমবার নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। সেটি ক্রমশ উত্তর-পশ্চিম দিকে এগিয়ে যাওয়ার সম্ভাবনা। এর প্রভাবে

রাজ্যের প্রায় সব জেলাতে হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। বেশ কয়েকটি অঞ্চলে ভারী বৃষ্টি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০

গভীর নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দূর্ঘাগের পূর্বাভাষ থাকায় রাজ্য সরকার সমুদ্র উপকূলবর্তী সব জেলা প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। দূর্বল নদী বাঁধের উপরে নজরদারি রাখা ছাড়াও সমুদ্র বা নদীতীরবর্তী এলাকায় বসবাসকারী মানুষদের সচেতন করতে মাইকিং করা ছাড়াও প্রয়োজনে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর সহ অন্যান্য জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পর্যাপ্ত ত্রান সামগ্রী মজুত রাখার কথা বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

কালীপুজোর আগে পূর্ব বর্ধমানের কালনা থেকে বিপুল শব্দবাজি উদ্বার করেছে পুলিশ। এই ঘটনায় ২ জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃত তাপস দাস এবং কান্তি সরকার স্থানীয় বাসিন্দা। প্রায় ৯৬ কেজি নিষিদ্ধ শব্দবাজি বাজেয়াপ্ত হয়েছে।

কলকাতা পুলিশের দক্ষিণ বন্দর পুলিশ ডিভিশন আজ দুটি গাড়ি থেকে ১ হাজার ১১০ কেজি নিষিদ্ধ শব্দবাজি বাজেয়াপ্ত করেছে। খিদিরপুর ও ডায়মন্ডহারবার রোডের সংযোগস্থলে একটি ট্রাক থেকে ৮৭০ কেজি এবং খিদিরপুর ট্রাম ডিপোর কাছে ২৪০ কেজি নিষিদ্ধ বাজি আটক করা হয়। ১ জনকে গ্রেফতার ও ১ জনকে আটক করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০

বন্যা নিয়ন্ত্রনে নদীর নাব্যতা বৃদ্ধি করতে উত্তরবঙ্গের তিঙ্গা নদীতে ড্রেজিং করে পলিমাটি সরানোর জন্যে সেচ দণ্ডের একটি প্রস্তাব জমা পড়েছে। জেলা প্রশাসনের তরফে দেওয়া এই

প্রস্তাবে কাজের জন্যে প্রায় ৬০০ কোটি টাকা বরাদ্দ করার কথা উল্লেখ করে বিস্তারিত প্রকল্প রিপোর্ট পাঠানো হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য এর আগে নদীতে ড্রেজিং করার জন্যে জেলা প্রশাসনের তরফে কেন্দ্রের ব্রক্ষপুত্র বোর্ডকে একাধিকবার আবেদন করা হলেও কোন কাজ হয়নি বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙনে আজ সন্ধ্যায় এবারের আইএসএলে প্রথমবার ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপারজায়ান্ট পরস্পরের মুখোমুখি হয়েছে।

আজকের ডার্বি ম্যাচ নিয়ে একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অরিজিত)

একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০